



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং : ওএম-৭৪-ম/২০১৪/৩৩৪

তারিখ: ২৫/০৪/২০২২খ্রি.

বিষয় : বেসরকারি এমপিওভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক ও কর্মচারীদের এমপিও বকেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ।


সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭(অংশ-১)-১২১;

তারিখ : ০২৮/০৩/২০২১খ্রি

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮-১১;, তারিখ : ০৫/০১/২০২২খ্রি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি এমপিওভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক ও কর্মচারীদের এমপিও বা এমপিও বকেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে সরাসরি আবেদন করছেন। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১২/১২/২০২১খ্রি. এমপিও কমিটির সভার সিদ্ধান্ত (স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮-১১; তারিখ: ০৫/০১/২০২২খ্রি. (বিবিধ নং-২) এ বলা আছে কোন শিক্ষক-কর্মচারীর এমপিও বকেয়ার বিষয়ে আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্রসহ প্রযোজ্য ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং উপপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয় হতে বকেয়ার কারণসহ যাচাইপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, বেসরকারি এমপিওভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক ও কর্মচারীদের এমপিও বকেয়া সংক্রান্ত আবেদন প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্রসহ জেলা শিক্ষা অফিসার ও উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭.০৪.২০২২

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)

বিতরণ:

- ১) অধ্যক্ষ, এমপিওভুক্ত বেসরকারি স্কুল এন্ড কলেজ (সকল)।
- ২) প্রধান শিক্ষক, এমপিওভুক্ত বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

স্মারক নং-ওএম-৭৪-ম/২০১৪

তারিখ: /০৪/২০২২খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে);

- ০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সকল অঞ্চল সকল।
- ০২। জেলা শিক্ষা অফিসার, সকল।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
- ০৩। সভাপতি/ প্রধান শিক্ষক, এমপিওভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় সকল।
- ০৪। পি.এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। সংরক্ষণ নথি।